

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ ডিসেম্বর ২০২২ খ্রি.

পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডে উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে মেয়র সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় পরিষ্কার-পরিচ্ছন্ন ও উন্নত নগরীর গড়া সম্ভব

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জিওবি ফাণ্ডে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প দিয়েছেন চট্টগ্রাম নগরীর উন্নয়নের জন্য। বিগত পঞ্চাশ বছরের ইতিহাসে চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে এতবড় অনুদান কেউ দেয়নি। এছাড়া বরাইপাড়া খাল খনন প্রকল্পেও ১৩শ কোটি টাকা বরাদ্দ দেন। প্রধানমন্ত্রী প্রদত্ত প্রকল্পগুলো বাস্তবায়িত হলে নগরীর রাস্তা ঘাটের চেহারা পাল্টে যাবে। তিনি বলেন, পূর্বের ভাঙ্গা খানা-খন্দকে ভরপুর রাস্তা-ঘাট বর্তমানে মেরামত করে যান ও জন চলাচলের উপযোগী করা হয়েছে। তরপরও কোথায় অলি-গলির রাস্তায় সমস্যা থাকলে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলদের অবহিত করলে তা প্যাঁচ ওয়ার্কের মাধ্যমে দ্রুত মেরামত করা হবে। তিনি বলেন, মেয়র ও কাউন্সিলদের একার পক্ষে নগরীর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সম্ভব নয়, আপনাদের সচেতন হতে হবে। তাহলেই সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় পরিষ্কার-পরিচ্ছন্ন ও উন্নত নগরীর গড়া সম্ভব হবে। আজ সোমবার সকালে নগরীর পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডস্থ মীর আকতার শাহ্ লেইনে বেশ কয়েকটি উন্নয়ন কাজের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়েরের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-পূর্ব মাদার বাড়ি ওয়ার্ড কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী, সাবেক কমিশনার আলহাজ্ব আলী বক্স, মীর আনোয়ার হোসেন, প্রফেসর গোফরান উদ্দিন টিটু, দানু মিয়া, মোজাফফর উদ্দিন মানু, তাজুল ইসলাম তাজু, শাহরিয়ার হাসেন, ইকবাল হোসেন প্রমুখ। মেয়র আরো বলেন, নগরীর জলাবদ্ধতা নিরসনের পূর্বশর্ত হলো নালা নর্দমা পরিষ্কার রাখা। যাতে পনি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়। কোন অবস্থাতেই নালা-নর্দমায় পলিথিন ও ময়লা আবর্জনা ফেলা যাবে না। কারণ পলিথিন ও ময়লা আবর্জনার কারণে নালায় পানি চলাচলে বাধাগ্রস্ত হয়ে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তিনি বলেন, নগরীর প্রত্যেক ওয়ার্ডে শিশুদের বিনোদন ও খেলাধুলার জন্য একটি করে পার্ক স্থাপনের উদ্যোগ নেয় হয়েছে। ইতোমধ্যে তিনটি ওয়ার্ডে এর কাজ চলমান রয়েছে। অন্যান্য ওয়ার্ডগুলোতে খালি জায়গা পাওয়া সাপেক্ষে পার্ক স্থাপনের কাজ বাস্তবায়ন করা হবে। পরে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী মাওলানা মীর আকতার শাহ্ লেনই, নিরিবিলি আবাসিক এলাকা, উদয়ন গলি বায়তুল জান্নাত মসজিদ রোড, গণকল্যাণ লেইনের উন্নয়ন কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং মোহাম্মদ আলী শাহ্ স্মৃতি গ্রন্থাগার পরিদর্শন করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

এডিস মশার বংশ বিস্তার রোধে ও অবৈধ উচ্ছেদ অভিযানে ২৬ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর বহাদুরহাট ও আরকান সড়কের পাঠানিয়াগোদা এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মানাধীন ভবন পরিদর্শন করেন। এই সময় এডিস মশার জন্মস্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসধারণকে সচেতন করা হয়। এবং চলাচলের রাস্তা দখল করে নির্মাণ সামগ্রী রেখে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন অপর অভিযানে নগরীর বায়েজিদ রোডের উভয়পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করার দায়ে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২১ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩